দৈনিক জনকণ্ঠ

তারিখ 30 MAY 2016
পৃষ্ঠা ৭৪ কলাম ৬

# শিক্ষকের পা ভেঙ্গে দিল বিজয়ীরা

নিজস্ব সংবাদদাতা, নাটোর, ২৯ মে ॥ বড়াইগ্রামে ভোট না দেয়ায় আবুল কালাম আজাদ (৫০) নামে এক সহকারী প্রধান শিক্ষককে লাঠিসোটা ও রড দিয়ে পিটিয়ে পা ভেঙ্গে দিয়েছে আওয়ামী লীগের বিজয়ী বিদ্রোহী চেয়ারম্যান আনিসুর রহমান খেচুর সমর্থকরা।

রবিবার বেলা ১১টার দিকে উপজেলার চান্দাই উচ্চ বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।

বড়াইগ্রাম থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মনিরুল ইসলাম ও ভুক্তভোগী আবুল কালাম আজাদ জানান, পঞ্চম ধাপের ইউপি নির্বাচনে আওয়ামী লীগের নবনির্বাচিত বিদ্রোহী প্রার্থী আনিসুর রহমান খেচুর পেটোয়া বাহিনীর ১০-১২ সদস্য ভোট না দেয়ায় চান্দাই উচ্চ বিদ্যালয়ের কক্ষে ঢুকে ওই বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক আবুল কালাম আজাদকে লাঠিসোটা ও রড দিয়ে বেধড়ক পিটিয়ে তার দুই পা ভেঙ্গে দেয়। এ সময় স্থানীয়রা এগিয়ে এলে তারা স্থান ত্যাগ করে। পরে তাকে উদ্ধার করে পাবনা সদর হাসপাতালে ভর্তি করা হয়।